বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা
নিয়োগ বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

১। ৳ঃ ১১৩০০-২৭৩০০/- বেতন স্কেলে **''হিসাব রক্ষক''** (ক) অডিট অফিসের ১টি স্থায়ী পদ, (খ) কম্পট্রোলার অফিসের ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রীসহ কোন খ্যাতনামা প্রতিষ্ঠানে হিসাব রক্ষণ ও বাজেট প্রস্তুতকরণ কাজে ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা এবং ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

২। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **''সহকারী হিসাব রক্ষক''** (ক) অডিট অফিসের ১টি অস্থায়ী পদ (ভবিষ্যতে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে), (খ) কম্পট্রোলার অফিসের ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৩। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **''উচ্চমান সহকারী''** আইএটি-এর ১ (এক) টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কমপক্ষে স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৪। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **''ষ্টোর কীপার গ্রেড-২''** রেজিস্ট্রার অফিসের স্টোর শাখার ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কমপক্ষে স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৫। ৳ঃ ৯৭০০-২৩৪৯০/- বেতন স্কেলে **''এসি কাম জেনারেটর টেকনিশিয়ান''** প্রকৌশল অফিসের ১টি অস্থায়ী পদ (পাম্প সুপারভাইজার পদের বিপরীতে) ঃ প্রার্থীকে সংশ্লিষ্ট কাজে প্রশিক্ষণসহ বিজ্ঞান বিভাগে এইচ.এস.সি/ সংশ্লিষ্ট ট্রেডে এইচ.এস.সি. ভোকেশনাল পরীক্ষায় পাশ এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। অথবা প্রার্থীকে সংশ্লিষ্ট কাজে প্রশিক্ষণসহ বিজ্ঞান বিভাগে এস.এস.সি/সংশ্লিষ্ট ট্রেডে এস.এস.সি. ভোকেশনাল পরীক্ষায় পাশ এবং সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

৬। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে **''এলডিএ কাম-কম্পিউটার অপারেটর''** (ক) পুরকৌশল বিভাগের ১টি স্থায়ী পদ, (খ) ইনস্টিটিউট অব নিউক্লিয়ার পাওয়ার ইঞ্জিনিয়ারিং অফিসের ১টি স্থায়ী পদ, (গ) ডিএইআরএস অফিসের (CASR শাখা) ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি সমমানের পরীক্ষায় পাশসহ কমপক্ষে প্রতি মিনিটে বাংলা ২৫টি ও ইংরেজীতে ৩৫টি শব্দ কম্পিউটারে কম্পোজ করার দক্ষতাসম্পন্ন হইতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

৭। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে **''হিসাব সহকারী''** অডিট অফিসের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এইচ.এস.সি (বাণিজ্য) সমমানের পরীক্ষায় পাশ হইতে হইবে। হিসাবের কাজ, ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে।

৮। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে **'' ইলেকট্রিশিয়ান''** প্রকৌশল অফিসের ৩টি অস্থায়ী পদ (ভবিষ্যতে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে) ঃ প্রার্থীকে এস.এস.সি পরীক্ষায় পাশসহ কোন সরকারী প্রতিষ্ঠান বা বিশ্ববিদ্যালয় স্বীকৃত কোন প্রতিষ্ঠান যথা- মিরপুর টেকনিক্যাল, সরকারী ভোকেশনাল ইনস্টিটিউট, সেন্ট জোসেফ টেকনিক্যাল স্কুল, নারিন্দা ও জার্মান টেকনিক্যাল, মিরপুর ইত্যাদি হইতে কমপক্ষে ৬ মাসের সংশ্লিষ্ট ট্রেড কোর্স পাশ হইতে হইবে। তৎসহ ন্যূনপক্ষে 'বি' গ্রেড প্রাপ্ত লাইসেন্সসহ ৫(পাঁচ) বৎসর অথবা 'সি' গ্রেড লাইসেন্সসহ ১০ (দশ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। অধিক অভিজ্ঞতাসম্পন্ন এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি পাশের শর্ত শিথিলযোগ্য।

৯। ৳ঃ ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে **''সহকারী ইলেকট্রিশিয়ান''** প্রকৌশল অফিসের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে এস.এস.সি. ভোকেশনাল ইন জেনারেল ইলেকট্রিক্যাল পাশ হইতে হইবে। অথবা প্রার্থীকে জে.এস.সি./সমমানের পরীক্ষায় পাশসহ কোন খ্যাতনামা প্রতিষ্ঠানে বা ওয়ার্কশপে সহকারী ইলেকট্রিশিয়ান হিসাবে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ ৬(ছয়) মাসের ট্রেনিং কোর্স সম্পাদনের সার্টিফিকেটধারী হইতে হইবে।

১০। ৳ঃ ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে **''ল্যাবঃ এটেনডেন্ট''** স্থাপত্য বিভাগের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এইচ.এস.সি (বিজ্ঞান) বা সমমানের পরীক্ষায় পাশ সহ সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

১১। ৳ঃ ৮৫০০-২০৫৭০/- বেতন স্কেলে **''লাইব্রেরী এটেনডেন্ট''** কেন্দ্রীয় লাইব্রেরীর ২টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি পাশসহ লাইব্রেরীর কাজে কমপক্ষে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

১২। ৳ঃ ৮৫০০-২০৫৭০/- বেতন স্কেলে **''অফিস এটেনডেন্ট''** ইনস্টিটিউট অব নিউক্লিয়ার পাওয়ার ইঞ্জিনিয়ারিং অফিসের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি পাশসহ অফিসের কাজে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

১৩। ৮ঃ ৮৫০০-২০৫৭০/- বেতন স্কেলে **''সহকারী রাজমিস্ত্রী''** প্রকৌশল অফিসের ৩টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট লাইনে ট্রেড সার্টিফিকেট প্রাপ্ত হইতে হইবে।

১৪। ৮ঃ ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে **''এমএলএসএস''** (ক) কেন্দ্রীয় লাইব্রেরী -এর ১টি স্থায়ী পদ, (খ) স্থাপত্য বিভাগের ১টি স্থায়ী পদ, (গ) পরীক্ষা নিয়ন্ত্রক অফিসের ১টি স্থায়ী পদ (ঘ) বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ১টি স্থায়ী পদ (ঙ) শহীদ স্মৃতি হলের ১টি অস্থায়ীপদ (ভবিষ্যতে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে) ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

১৫। ৮ঃ ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে **''পরিচ্ছন্নতা কর্মী''** শহীদ স্মৃতি হলের ১টি অস্থায়ীপদ (ভবিষ্যতে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে) ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

১৬। ৮ঃ ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে **''ক্লীনার''** জিডপাস-এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

১৭। ৮ঃ ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে **''গার্ড ''** (ক) রেজিস্ট্রার অফিসের অধীন এস্টেট, লিগ্যাল এন্ড সিকিউরিটি উইং-এর ১৩টি স্থায়ী পদ, (খ) ছাত্রীহলের ১টি অস্থায়ীপদ (ভবিষ্যতে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে) ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সু-স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। রাইফেল চালানোর অভিজ্ঞতা থাকিলে ভাল হয়। বয়স ১৮-৩৫ বৎসর। অবসরপ্রাপ্ত সামরিক কর্মচারীর জন্য বয়স শিথিলযোগ্য।

বিঃ দ্রঃ- ক্রমিক নং ১ হইতে ১২ পর্যন্ত পদে প্রার্থীর শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় বিভাগ/ শ্রেণী গ্রহণ যোগ্য নয়। ''অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/ শ্রেণী) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যাহারা এই বিশ্ববিদ্যালয়ে নিযুক্ত হইয়াছেন এবং ডিগ্রী অর্জন করিয়াছেন তাহাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হইবে না।''

বাংলায় নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, অভিজ্ঞতা, জন্ম তারিখ ও মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখ পূর্বক ভোটার আইডি কার্ড, জন্ম নিবন্ধন সনদসহ সকল প্রকার সনদপত্রের সত্যায়িত কপি ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবিসহ কম্পিউটারে মুদ্রিত দরখাস্ত রেজিস্ট্রার -এর বরাবরে পৌঁছাইতে হইবে। প্রার্থীত পদের নাম, অফিস/ বিভাগের নাম আবেদনে সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

কম্পট্রোলার, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অনুকূলে প্রতিটি পদে ১ নং পদ হইতে ১০ নং পদের ক্রমিকের জন্য ৩০০/- (তিনশত) টাকার এবং ১১ হইতে ১৭ নং ক্রমিকের পদের জন্য ১৫০/-(একশত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/ পেঅর্ডার (ঢাকা মহানগরীর যে কোন বাণিজ্যিক ব্যাংকের শাখার উপর জারীকৃত) অথবা কম্পট্রোলার অফিসের সাথে যোগাযোগ করিয়া হিসাব শাখা কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক, বুয়েট শাখায় নগদ অর্থ জমা প্রদান পূর্বক রশিদের অংশ দরখাস্তের সহিত জমা দিতে হইবে। পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/ বাতিল/ পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। বিস্তারিত তথ্যের জন্য বুয়েট ওয়েব সাইটে (www.buet.ac.bd/regoffice) দেখা যাইতে পারে অথবা বুয়েটের নোটিশ বোর্ডে খোঁজ নেওয়া যাইতে পারে।

দরখাস্ত দাখিলের শেষ তারিখ ঃ ০৩ / ০৫/ ২০১৭ তারিখ বিকাল ৪-৩০ মিনিট পর্যন্ত।

রেজিস্ট্রার

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

১। প্রোগ্রামার, রেজিস্ট্রার অফিস। সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তি বুয়েট -এর ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য।
২। সকল অফিস/ বিভাগের নোটিশ বোর্ডে ব্যাপক প্রচারের অনুরোধ জানানো যাইতেছে।